

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৯৭.১৯.৯৮

তারিখ: ১২ আষাঢ়, ১৪২৬

২৬ জুন ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-২৩৫৮/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১১.০৩.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মুনিরা আফরোজ, পিতা: মো: আবদুল হামিদ, ২৯/ওল্ড চার্চ কম্পাউন্ড, পশ্চিম লালদীঘি, পোস্ট: সদর ৪০০০, থানা: কোতোয়ালী, জেলা: চট্টগ্রাম কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৩৫৮/২০১৯ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নী সমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, আবেদনকারী জনাব মুনিরা আফরোজ ব্যাচ নং-০৯, রোল নং-৩০৩০২৩৯১ এনটিআরসিএ কর্তৃক চট্টগ্রাম এয়ারপোর্ট (কিম্বা বন্দর) উচ্চ বিদ্যালয়ে সহকারী শিক্ষক (সাধারণ) পদের জন্য সুপারিশকৃত হন এবং ১৭.১১.২০১৬ খ্রি: তারিখে যোগদান করেন কিন্তু তার কোন নিয়োগপত্র দেয়া হয়নি, তার বর্ণনামতে স্থলে কোন কমিটি (ম্যানেজিং কমিটি) নেই। এর প্রেক্ষিতে সম্পর্কীয়র অন্য কোন স্থলে পদায়ন এবং এমপিওভুক্তির দাবীতে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-২৩৫৮/২০১৯ মামলা দায়ের করা হয়।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১নং রেসপনডেন্ট, চেয়ারম্যান, এনটিআরসিএ-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ০৫ (পাঁচ) জনকে রেসপনডেন্টস করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকারি স্বার্থ সংরক্ষণে জবাব দাখিলসহ উক্ত মামলায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অবশ্যক

০৫. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-২৩৫৮/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in opposition) দাখিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত কার্যক্রমের তথ্য (প্রমাণকসহ) অগামী ৩০.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২/৬/১৯

ড. মো: মহাবুব হোসেন

সংযুক্ত কর্মকর্তা (আইন)

চেয়ারম্যান/বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন
কর্তৃপক্ষ (এনটিআরসিএ), রেড ক্রিসেন্ট বোরাক
টাওয়ার, লেভেল-৪ ও ৫, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,
রমনা, ঢাকা

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৯৭.১৯.৯৮/২(৭)

তারিখ: ১২ আষাঢ়, ১৪২৬

২৬ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) ~~সচিব~~ ~~মহোদয়ের~~ ~~সদয়~~ ~~অবগতির~~ ~~জন্য~~।
৪) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) অফিস কপি, মাস্টার কপি



২৬-৬-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)